

শান্ত মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

ক্রিয়েটিভ টেকনোলজি তাদের পঞ্চমাত্রায় নতুন দিগন্ত উন্মোচিত করেছে।

সুপ্রসিদ্ধ প্রযুক্তি শিক্ষার ক্ষেত্রে সম্প্রসারিত করে গত ২০ মার্চ ২০০০ তারিখে শান্ত মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি তাদের কার্যক্রম শুরু করেছে। দেশে এটাই হচ্ছে এ ধরনের প্রথম উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান। এখানে বহুমুখী শিক্ষার সাথে তথ্য ও প্রযুক্তির শিক্ষাকে সমন্বিত করা হয়েছে। আন্তর্জাতিক মান বিদেশী কারিকুলাম ও ফ্যাকাল্টি বিশেষজ্ঞদের সহায়তায় এখানকার শিক্ষা কার্যক্রমের মান বজায় রাখা হবে বলে জানিয়েছেন উদ্যোগসূত্র। আধুনিক কর্মসংস্থান তথা



কারিগরিভিত্তিক শিক্ষাকেই এখানকার প্রধান লক্ষ্য হিসেবে চিহ্নিত করা হয়েছে। বিএ/বিএসসি/অনার্স (বিএড) ও পোস্ট গ্রাজুয়েশন তত্ত্বীতে বিভিন্ন বিষয়ের মধ্যে রয়েছে ফ্যাশন ডিজাইন, নিউওগ্যার ডিজাইন, টেক্সটাইল

ডিজাইন, অ্যাপারেল মানুফ্যাকচারিং: ম্যানেজমেন্ট, সিরামিক ডিজাইন, জুয়েলারী, গ্রাফিক ডিজাইন, ইন্টেরিয়র আর্কিটেকচার, কম্পিউটার গায়েস এন্ড আইটি/ইন্ট্রিনিয়ারিং এবং সঙ্গীত, নৃত্য, চিত্রকলা, বিবিএ, এমবিএ, ইংরেজীসহ অন্যান্য বিষয়ে উচ্চ শিক্ষার সুযোগ রয়েছে।

আধুনিক শ্রেণীকক্ষ, কম্পিউটার ল্যাব, আর্কিটেকচার ইন্ডিওস্ট্রি এয়ার কন্ডিশন ক্যাম্পাস। শান্ত মারিয়াম ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা বিশিষ্ট ব্যবসায়ী ইমামুল কবির শান্ত এবং তার স্ত্রী তাহমিনা মৌদুদী (মারিয়াম) একবিংশ শতাব্দির উপযোগী এই শিক্ষাসন গড়ে তেলার উদ্যোগ গ্রহণ করেছেন। গত ২০ মার্চ বিকেল ৩টায় মিলাদ ও দোয়া

মাহফিলের মাধ্যমে শান্ত মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি তাদের কার্যক্রম শুরু করে। ফোন : ৯৬৬৭১০৫ (সিদ্দার্থে অফিস)

□ বিজ্ঞান ও প্রযুক্তি রিপোর্ট।